ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৫০১
আগরতলা,৩০ ডিসেম্বর, ২০২৫

**আগামী ১ জানুয়ারি নজরুল কলাক্ষেত্রে**
**ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সুবর্ণজয়ন্তী পূর্তি অনুষ্ঠান**

আগামীকাল ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের ৫০ বছর পূর্ণ হবে। ১৯৭৬ সালের ১ জানুয়ারি ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের যাত্রা শুরু হয়েছিল। পর্ষদের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আগামী ১ জানুয়ারি, ২০২৬ এ নজরুল কলাক্ষেত্রে পর্ষদের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠান শুরু হবে সকাল ১১টায়। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উদ্যোগে আয়োজিত সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রামকৃষ্ণ মঠ (বিবেকনগর)-এর স্বামী ভক্তিশুধানন্দ মহারাজ, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। সভাপতিত্ব করবেন ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী।

আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী এই সংবাদ জানান। তিনি বলেন, ১৯৭৬ সালে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ গঠনের সময় মুখ্যমন্ত্রী ছিলেন প্রয়াত সুখময় সেনগুপ্ত। শিক্ষামন্ত্রী ছিলেন প্রয়াত শৈলেশ সোম। তিনি বলেন, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে পাশ করে অনেকে বিভিন্ন ক্ষেত্রে ও পেশায় সমাজে প্রতিষ্ঠিত হয়েছেন। এমন অনেক গুণীব্যক্তি সারা বিশ্বে ছড়িয়ে রয়েছেন। তিনি বলেন, পর্ষদের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে গতকাল পর্ষদের উদ্যোগে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। রক্তদান শিবিরে ২২ জন রক্তদান করেন।

সাংবাদিক সম্মেলনে পর্ষদের সচিব ড. জয়দীপ ভট্টাচার্য সাংবাদিকদের জানান, নজরুল কলাক্ষেত্রের অনুষ্ঠানে ২০২২, ২০২৩, ২০২৪ এবং ২০২৫ এই চারটি বছরে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক ফাইনাল পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী মোট ২৩ জন কৃতি ছাত্রীকে প্রয়াত ইন্দিরা ভট্টাচার্য-র নামে পুরস্কার দেওয়া হবে। তিনি বলেন, প্রয়াত ইন্দিরা ভট্টাচার্য ছিলেন প্রধান শিক্ষিকা। ১৯৮৬ সালের ১১ জুন ইন্দিরা ভট্টাচার্য মারা যান। তাঁর প্রয়াণের পর তাঁর পিতা ও মাতা পর্ষদের কৃতী ছাত্রীদের পুরস্কৃত করার জন্য ২০ লক্ষ টাকা পর্ষদে দান করেন। তিনি বলেন, সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে পর্ষদের পক্ষ থেকে একটি স্মরণিকাও প্রকাশ করা হবে। পর্ষদের সভাপতি ও সচিব নজরুল কলাক্ষেত্রে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে সকলের উপস্থিতি কামনা করেছেন।

*******